অতিজরুরী
বাজেট অগ্রাধিকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
বাজেট অধিশাখা

নং- ৪৫.১৩৯.০২০.০০.০০.০২০.২০১৭- ১২৪ তারিখঃ ১৫-০৩-২০১৮খ্রিঃ

বিষয়ঃ মাননীয় অর্থমন্ত্রীর ২০১৮-১৯ অর্থ বছরের বাজেট বক্তৃতায় অন্তর্ভূক্তির জন্য তথ্য প্রেরণ প্রসংগে।

সূত্রঃ অর্থ বিভাগের স্মারক নম্বর- ০৭.০৯৪.০১৬.০০.০০.১০২.২০১৮-০১, তাং- ০৭/০৩/২০১৮।

উপর্যুক্ত বিষয় ও সূত্রে প্রাপ্ত সচিব, অর্থ বিভাগের আধা সরকারি পত্রের কপি এতদসংগে প্রেরণ করা হলো। মাননীয় অর্থ মন্ত্রী ২০১৮-১৯ অর্থ বছরের বাজেট বক্তৃতায় সরকারের লক্ষ্য ও পরিকল্পনা, সামষ্টিক অর্থনৈতিক পরিস্থিতি, চলমান অর্থনৈতিক কার্যক্রম, বাজেট কাঠামো ও অগ্রাধিকারভিত্তিক সম্পদ বন্টন ও সম্পদ আহরণ বিষয়ক তথ্যাদি জাতীয় সংসদে উপস্থাপন করবেন। এলক্ষ্যে স্বাস্থ্য সেবা বিভাগ ও অধীনস্থ দপ্তর/সংস্থাসমূহের পত্রে বর্ণিত তথ্যাদি প্রয়োজন।

এমতাবস্থায়, আধা সরকারি পত্রে বর্ণিত তথ্যাদি আগামী ২৫/০৩/২০১৮ তারিখের মধ্যে হার্ড কপি, সফট কপি এবং ই-মেইলের মাধ্যমে আবশ্যিকভাবে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ ১ পাতা।

১৫/৩/১৮

(ড. মোঃ এনামুল হক)
উপসচিব
ফোনঃ ৯৫৪৫৯২৭
Email- budget@mohfw.gov.bd

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। অতিরিক্ত সচিব (প্রশাসন/উন্নয়ন/হাসপাতাল/নার্সিং ও মিডওয়াইফারী/বিশ্বস্বাস্থ্য ও জনস্বাস্থ্য/আর্থিক ব্যবস্থাপনা ও অডিট/ঔষধ প্রশাসন ও আইন), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর/স্বাস্থ্য অর্থনীতি ইউনিট/ঔষধ প্রশাসন অধিদপ্তর/নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা
৩। প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
৪। যুগ্মপ্রধান (পরিকল্পনা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৬। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (আধা সরকারিপত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৭। অতিরিক্ত সচিব (বাজেট) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

মোহাম্মদ মুসলিম চৌধুরী
ভারপ্রাপ্ত সচিব
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

আ.স.প.নং-০৭.০৯৪.০১৬.০০.০০.১০২.২০১৮- ০৯

তারিখঃ ২৭ ফাল্গুন, ১৪২৪ বঙ্গাব্দ
০৭ মার্চ, ২০১৮ খ্রিস্টাব্দ

সুপ্রিয় মহোদয়,

শুভেচ্ছা জানবেন। সানন্দে জানাচ্ছি যে, প্রতি বছরের মত এ বছরও অর্থ বিভাগ ২০১৮-১৯ অর্থবছরের বাজেট বক্তৃতা প্রণয়নের কাজ শুরু করেছে। বাজেট বক্তৃতা দীর্ঘমেয়াদি ভিশন ও মধ্যমেয়াদি লক্ষ্যসমূহ অর্জনের জন্য সরকারের স্বল্পমেয়াদি অর্থনৈতিক কর্মপরিকল্পনা সম্বলিত একটি গুরুত্বপূর্ণ দলিল। মাননীয় অর্থমন্ত্রী এ বাজেট বক্তৃতায় সরকারের লক্ষ্য ও পরিকল্পনা, সামষ্টিক অর্থনৈতিক পরিস্থিতি, চলমান অর্থনৈতিক কার্যক্রম, বাজেট কাঠামো ও অগ্রাধিকার খাতভিত্তিক সম্পদ বন্টন এবং সম্পদ আহরণ ইত্যাদি বিষয়ে একটি সুস্পষ্ট ধারণা মহান জাতীয় সংসদের মাধ্যমে জনগণের সামনে তুলে ধরেন।

০২। বিগত বছরগুলোতে বাজেট বক্তৃতা প্রণয়নে প্রয়োজনীয় তথ্য-উপাত্ত সরবরাহে আপনার মন্ত্রণালয়/বিভাগ যে আন্তরিক সহযোগিতা প্রদান করেছে তা আমি কৃতজ্ঞতার সাথে স্মরণ করছি। আমি আশা করি, এবারও আপনার মন্ত্রণালয়/বিভাগ সময়মত প্রয়োজনীয় তথ্য-উপাত্ত সরবরাহ করে বাজেট বক্তৃতা প্রণয়নের কাজকে সহজ করে তুলবে।

০৩। আগামী ২০১৮-১৯ অর্থবছরের বাজেট বক্তৃতাকে তথ্যসমৃদ্ধ এবং সরকারের চলমান আর ভবিষ্যৎ কর্মকাণ্ডের অর্থবহ দলিল হিসেবে উপস্থাপন করার লক্ষ্যে আপনার মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা থেকে তথ্য প্রদানের ক্ষেত্রে কতিপয় বিষয়ে আপনার বিশেষ দৃষ্টি আকর্ষণ করছি:

ক্রম.	প্রয়োজনীয় তথ্য-উপাত্ত
১	২০০৮-০৯ হতে ২০১৬-১৭ অর্থবছর পর্যন্ত অর্জন
২	২০০৮-০৯ হতে ২০১৬-১৭ অর্থবছর পর্যন্ত বাস্তবায়িত সংস্কার (আইন, নীতি, বিধি, পদ্ধতিসহ অন্যান্য বিষয়)
৩	২০১৭-১৮ অর্থবছরের অর্জন (বিশেষত: ২০১৭-১৮ অর্থবছরের বাজেটে প্রতিশ্রুত কার্যক্রমসমূহ)
৪	২০১৮-১৯ অর্থবছরের কর্ম-পরিকল্পনা (সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনা ও টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রার (SDGs) সাথে সামঞ্জস্য বজায় রেখে)
৫	মধ্যমেয়াদি সংস্কার কর্ম-পরিকল্পনা (২০১৮-১৯ হতে ২০২০-২১ পর্যন্ত)

০৪। উপরের অনুচ্ছেদে বর্ণিত তথ্য-উপাত্ত প্রদানকালে নিম্নবর্ণিত ক্ষেত্রসমূহের (প্রযোজ্য ক্ষেত্রে) সংশ্লেষ বিবেচনায় রাখার জন্যও বিশেষভাবে অনুরোধ করছি:

- ✓ অন্তর্ভুক্তিমূলক প্রবৃদ্ধি, বিশেষ করে দারিদ্র্য ও অসমতা হ্রাস এবং আর্থ-সামাজিক অগ্রগতি
- ✓ ভৌত অবকাঠামো বিনির্মাণ (বিদ্যুৎ ও জ্বালানি, যোগাযোগ অবকাঠামো, কৃষি, পানিসম্পদ ও পল্লী উন্নয়ন)
- ✓ মানব সম্পদ উন্নয়ন (শিক্ষা, দক্ষতা উন্নয়ন, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ, বিজ্ঞান ও প্রযুক্তি)
- ✓ কর্মসংস্থান (অভ্যন্তরীণ ও বৈদেশিক) ও জনকল্যাণ (খাদ্য নিরাপত্তা, সামাজিক সুরক্ষা, নারী ও শিশু উন্নয়ন, মুক্তিযোদ্ধা, প্রবাসী ও সুবিধাবঞ্চিতদের কল্যাণ)
- ✓ শিল্পায়ন, বিনিয়োগ, বৈদেশিক বিনিয়োগ, বাণিজ্য এবং অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠায় অগ্রগতি
- ✓ ডিজিটাল বাংলাদেশ গঠন, ইনোভেশন
- ✓ দেশীয় কৃষ্টি, সংস্কৃতি, ক্রীড়া ও ঐতিহ্য সংরক্ষণ, মুক্তিযুদ্ধের চেতনা
- ✓ সমুদ্র অর্থনীতি, আঞ্চলিক ও উপ-আঞ্চলিক সহযোগিতা
- ✓ জলবায়ু পরিবর্তন, প্রশমন ও পরিবেশ সুরক্ষা
- ✓ আবাসন ও পরিকল্পিত নগরায়ন
- ✓ সুশাসন (প্রশাসনিক সংস্কার, জনশৃঙ্খলা, স্থানীয় সরকার, ভূমি প্রশাসন ও ব্যবস্থাপনা, ব্যাংক ও আর্থিক খাতে আইনের শাসন, জবাবদিহিতা, দুর্নীতি দমন ও ব্যবসা পরিবেশ উন্নয়ন)
- ✓ পিপিপির আওতায় চলমান ও প্রস্তাবিত কার্যক্রম এবং
- ✓ নিজ অধিক্ষেত্রভুক্ত প্রাসঙ্গিক অন্য যে কোন গুরুত্বপূর্ণ বিষয়

স্বাস্থ্য ও পঃ কঃ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
সচিব এর দপ্তর
ডায়েরী নং ১৪৮৫ তাং ১৪/৩/
অতি: সচিব (প্রশাসন)
অতি: সচিব (উন্নয়ন)
অতি: সচিব (জনস্বাস্থ্য ও বিশ্বস্বাস্থ্য)
অতি: সচিব (হাসপাতাল)
অতি: সচিব (বাজেট)
অতি: সচিব (আর্থিক ব্যবস্থাপনা ও অডিট)
অতি: সচিব (নার্সিং ও মিডওয়াইফারী)
অতি: সচিব (ঔষধ প্রশাসন ও আইন)
যুগ্মসচিব...........
একান্ত সচিব
সচিব

০৫। প্রতিবেদনে আপনার মন্ত্রণালয়/বিভাগের Key Performance Indicators বা Outcome Indicators সম্পর্কিত তথ্য থাকলে তা হবে অত্যুত্তম। অধিকন্তু ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনার আলোকে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDGs) অর্জনের উদ্দেশ্যে গৃহীত/পরিকল্পিত কার্যক্রম সম্পর্কিত তথ্য, বাজেট বক্তৃতাকে সমৃদ্ধ করবে। আপনার মন্ত্রণালয়ের প্রতিবেদনটিকে যতটা সম্ভব সুনির্দিষ্ট, সংক্ষিপ্ত ও পরিসংখ্যানভিত্তিক করার জন্যও বিশেষ অনুরোধ রইলো।

০৬। বর্ণিত বিষয়গুলো বিবেচনায় নিয়ে আগামী ২০১৮-১৯ অর্থবছরের বাজেট বক্তৃতায় অন্তর্ভুক্ত করার জন্য আপনার মন্ত্রণালয়/বিভাগের তথ্য-উপাত্ত সম্বলিত একটি প্রতিবেদন (বাংলা নিকষ ফন্টে) আগামী ৩১ মার্চ ২০১৮ তারিখের মধ্যে অর্থ বিভাগের যুগ্মসচিব (রাজস্ব নীতি) ফারহিনা আহমেদ-এর নিকট এবং প্রতিবেদনের সফট্ কপি farhinaa@finance.gov.bd / farhina15@gmail.com অথবা anarulk@finance.gov.bd এ প্রেরণের বিষয়ে আপনার ব্যক্তিগত উদ্যোগ কামনা করছি।

শুভেচ্ছান্তে —

আন্তরিকভাবে আপনার

(মোহাম্মদ মুসলিম চৌধুরী)

অতিরিক্ত সচিব (বাজেট)
স্বাস্থ্য সেবা বিভাগ
ডায়েরী নং- ৫০৩
তারিখ: ১৪/৩/১৮

জনাব মোঃ সিরাজুল হক খান
সচিব
স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।